# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/৬৬৪/ইংলিশ/ ৪৬৫ তারিখ: ০৪-০৬-২০২৫ খ্রি.

**বিষয়: বিদেশি কারিকুলাম এ পরিচালিত বেসরকারি বিদ্যালয়ের সাময়িক নিবন্ধন প্রদান প্রসঙ্গে।**

প্রত্যয়ন করা যাচ্ছে, **School of The Nation**, বাড়ি নং- ০৮, সড়ক নং- ০৩, ব্লক- এফ, বনশ্রী, রামপুরা, ঢাকা-১২১৯-কে "রেজিস্ট্রেশন অব প্রাইভেট স্কুলস অর্ডিন্যান্স, ১৯৬২ (Ordinance No. XX of 1962)" এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত "বিদেশি কারিকুলাম-এ পরিচালিত বেসরকারি বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০১৭ (এস.আর.ও নং- ১৭৩-আইন/২০১৭)" এর ধারা ৩ এর উপ-ধারা ৩ এর বিধান মোতাবেক উক্ত বিদ্যালয়- কে ০১-০১-২০২৫ তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য মাধ্যমিক (O Level) এবং উচ্চমাধ্যমিক (A Level) পর্যায়ে সাময়িক নিবন্ধন প্রদান করা হলো।

**বিধিমালায় বর্ণিত শর্তসমূহ ছাড়াও উক্ত প্রতিষ্ঠানকে নিম্নোক্ত শর্তসমূহ পালন করতে হবে:**

১। শিক্ষা বোর্ড বা মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত কোন ব্রাঞ্চ বা শাখা খোলা যাবে না।
২। পত্র ইস্যুর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নির্ধারিত ফি জমা পূর্বক EIIN এবং Password গ্রহণ করতে হবে।
৩। বিধিমালার ৬(৪) ধারা মোতাবেক বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল করতে হবে।
৪। প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বিধিমালার ১২ ধারা যথাযথভাবে অনুসরণ করতে হবে।
৫। উক্ত বিধিমালার ১৪ ধারা মোতাবেক প্রতিষ্ঠানের জন্য নির্ধারিত ভূমি ও ভবন থাকতে হবে এবং উপ-ধারা ৪ মোতাবেক ৫ (পাঁচ) বছরের মধ্যে প্রতিষ্ঠানের নামে নিজস্ব মালিকানাধীন ভূমি ও ভবনে প্রতিষ্ঠান স্থানান্তর করতে হবে।
৬। উক্ত বিধিমালার ১৫ ধারা যথাযথভাবে অনুসরণ পূর্বক শ্রেণিভিত্তিক পাঠদান করাতে হবে।
৭। বিধিমালার ১৯ ধারা অনুযায়ী টিউশন ফি, ভর্তি ফি, সেশন চার্জ ও অন্যান্য ফি সংক্রান্ত বিধি অনুসরণ করতে হবে। কোন অবস্থাতেই ভর্তির বিপরীতে বা পুনঃভর্তির নামে শিক্ষার্থীর কাছ থেকে বর্ধিত ফি বা অনুদান গ্রহণ করা যাবে না।
৮। বিধিমালার ২০(৩) ধারা অনুযায়ী সরকার অনুমোদিত অডিট ফার্ম দ্বারা বার্ষিক অডিট সম্পন্ন করে প্রতিবেদন দাখিল করতে হবে।
৯। প্রতিষ্ঠানের নামে সংরক্ষিত তহবিলে নূন্যতম ৫,০০,০০০/- এবং সাধারণ তহবিলে নূন্যতম ২,০০,০০০/- রাখতে হবে। যা বোর্ডের পূর্বানুমতি ব্যতিরেকে উত্তোলন করা যাবে না।
১০। ফলাফল মানসম্মত হতে হবে। O Level এবং A Level স্তরের চূড়ান্ত ফলাফলের অনুলিপি জমা দিতে হবে।
১১। পরিষ্কার-পরিচ্ছন্ন পরিবেশসহ ও স্বাস্থ্যসম্মত টয়লেট সুবিধা নিশ্চিত করতে হবে।
১২। জাতিসংঘ শিশু অধিকার সনদ, ১৯৮৯ এর আলোকে শিশুদের অধিকার নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।
১৩। যথাযোগ্য মর্যাদায় বাংলাদেশের জাতীয় দিবস এবং সরকার কর্তৃক নির্দেশিত দিবসসমূহ পালন করতে হবে।
১৪। সাময়িক নিবন্ধনের মেয়াদ অতিক্রান্ত হওয়ার অন্যূন ৬০ দিন পূর্বে নির্ধারিত ফি জমা দিয়ে নিবন্ধনের আবেদন করতে হবে।
১৫। শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনার জন্য জেলা প্রশাসক এর অনাপত্তিপত্র জমা দিতে হবে।
১৬। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ ০৫-০৬-২০১৭ তারিখে জারিকৃত বিধিমালার ২৩ উপবিধি অথবা ৬ উপবিধির অধীন রেজিস্ট্রেশন স্থগিতের ক্ষমতা সংরক্ষণ করেন।

চেয়ারম্যানের অনুমোদনক্রমে

স্বা/-

**প্রফেসর কাজী ফয়জুর রহমান**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
☎ ০২-৫৮৬১০০৬৯
ই-মেইল: is@dhakaeducationboard.gov.bd

অধ্যক্ষ
**স্কুল অব দ্য নেশন**
বাড়ি নং- ০৮, সড়ক নং- ০৩, ব্লক- এফ, বনশ্রী, রামপুরা, ঢাকা

মেমো নং- ৪৬৫(৮) তারিখ: ০৪ -০৬-২০২৫ খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):**

১। সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
৩। জেলা প্রশাসক, ঢাকা;
৪। কান্ট্রি ম্যানেজার, বাংলাদেশ ক্যামব্রিজ অ্যাসেসমেন্ট ইন্টারন্যাশনাল এডুকেশন, বাড়ি- ৩১, রোড-৪, ব্লক- এফ, বনানী, ঢাকা-১২১৩;
৫। রিজিওনাল ডেভেলপমেন্ট ম্যানেজার
পিয়ারসন এডেক্সেল (বাংলাদেশ ও নেপাল), AUGMEDIX ভবন, স্যুট- ৫০২ (লেভেল-৫), ১৭/সি পান্থপথ, ঢাকা;
৬। পরিচালক/প্রতিষ্ঠাতা, স্কুল অব দ্য নেশন, বাড়ি নং- ০৮, সড়ক নং- ০৩, ব্লক- এফ, বনশ্রী, রামপুরা, ঢাকা- ১২১৯
৭। পিএস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
৮। অফিস কপি।

০৪.০৬.২৫
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

04-06-2025